





tomorrow comes!

এহ বাহ্য!

পারমাণবিক শক্তি বিষয়ক তথ্যকেন্দ্রগুলোতে বিতরণের জন্য



tomorrow comes!



tomorrow comes!

সালাম বন্ধুরা! অনুমতি পেলে আমার নিজের পরিচয় দিই। আমি - পারমাণবিক পদার্থবিদ্যা বিভাগের প্রধান, প্রফেসর ভাসিলি ইভানোভিচ লোমানোসভ। আমরা ট্রান্স-ফোর্স নামের একটা যানের ভেতরে রয়েছি, যা এখনই পারমাণবিক শক্তির জগতে এক মনোগ্রাফী ভার্চুয়াল সফরে রওয়ানা হবে।


আজ আমরা বিদ্যুৎ শক্তির মতো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে কথা বলবো। আমরা তোমাদের বলবো কি করে বিদ্যুৎ শক্তি তৈরী হয় আর কিসে তা খরচ হয়। তোমরা জানতে পারবে, কিভাবে বিদ্যুৎ কেন্দ্র তৈরী হয়েছে, পারমাণবিক শক্তি কি, কি করে পারমাণবিক রিয়াক্টর কাজ করে, আর এমনকি সেটা নিজেরাই জোড়া দিয়ে তৈরী করতে পারবে।


আমাদের সফরে আমাদের সাহায্য করবে আমার সহকর্মী, শক্তি ও পরিবেশ বিভাগের প্রথম বর্ষের ছাত্রী মারিয়া কভালেভস্কায়া।



বিদ্যুৎ শক্তি

প্রতিটি মানুষের বিদ্যুৎ প্রয়োজন ।





tomorrow comes!

সালাম! আমরা সকলেই ভাল করে জানি, কিসের জন্য বিদ্যুৎ শক্তির দরকার। টেলিভিশন, কম্পিউটার আর টেলিফোন - সমস্ত যন্ত্রই, যা আমাদের চারপাশ ঘিরে রয়েছে, তা বিদ্যুৎ শক্তিতেই কাজ করে। আজ আমাদের বিদ্যুৎ ছাড়া জীবন কাটানোর কথা ভাবাও কঠিন, এতটাই আমরা তাতে অভ্যস্ত হয়ে গিয়েছি! কম্পিউটার কাজ করে না, ড্রাম ও মেট্রো থেমে থাকে, রেফ্রিজারেটরে খাবারও নষ্ট হয়ে যায়।

বন্ধুরা, তোমরা কি জান যে, শক্তির পরিমাণ, যা আমরা প্রতিদিন খরচ করি, তা ক্রমাগত বেড়ে চলেছে?

শক্তির পরিমাণ, যা আমরা প্রতিদিন খরচ করি, তা ক্রমাগত বেড়ে চলেছে আর এর একটা সাধারণ ব্যাখ্যা রয়েছে। আমরা আরও বেশী কম্পিউটার কিনছি, ভিডিও গেমস, মোবাইল ফোন, বাড়ীর কাজের যন্ত্রপাতি, গাড়ী কিনছি, সিনেমা হলে যাচ্ছি। কল্পনা করতে পারো, কিছু জায়গায় ইতিমধ্যেই বিদ্যুৎ শক্তি কুলোচ্ছে না! এই ঘটতি আমাদের সমৃদ্ধির ভবিষ্যত উন্নতিকে বাহত করছে, কারণ নতুন বাড়ী ও কারখানাগুলোকে কোন কিছু দিয়ে সহজে আলোকিত করা যাচ্ছে না, কারখানার যন্ত্র, কম্পিউটারের সার্ভার আর অন্যান্য যন্ত্রপাতির "খিদে" মেটানো যাচ্ছে না।



বিদ্যুৎ শক্তির উৎস

শক্তি পাওয়ার জন্য মানুষ বিভিন্ন ধরনের জ্বালানী ব্যবহার করে।
যে সমস্ত কেন্দ্র পারমাণবিক জ্বালানীতে কাজ করে, সেগুলো খুবই
সস্তা শক্তি উৎপাদন করে থাকে।

